গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নির্বাহী প্রকৌশলী ,জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, হবিগঞ্জ জেলা

এবং

প্রধান প্রকৌশলী ,জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২০- জুন ৩০, ২০২১

সূচিপত্র

উপক্রমণিকা

কর্মসম্পাদনের সার্বিক চিত্র

সেকশন ১ : রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ ,কার্যাবলি

সেকশন ২ :বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব) Outcome/Impact(

সেকশন ৩কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ,কার্যক্রম :

সংযোজনী ১: **শব্দসংক্ষেপ**

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর হবিগঞ্জ জেলার কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of the Habiganj District, DPHE)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা:

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ

৯টি উপজলো ও ৫টি পৌরসভায় নিরাপদ পানি সরবরাহ ব্যবস্থা ও স্যানিটেশনের উন্নয়ন সাধনে উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশ অনুযায়ী জনস্বাস্থ্য প্রকৌশল অধদিপ্তর, হবিগঞ্জ জেলা জনগনকে সেবা প্রদান করে চলেছে। বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগ মুহূর্তে প্রশাসনরে সাথে সমন্বয় করে দুর্যোগ মোকাবলিায় জনস্বাস্থ্য প্রকৌশল অধদিপ্তর হবগিঞ্জ জেলা সদা নিয়োজিত । বিগত ০৩ (তিন) অর্থ বছরে পল্লী ও পৌর এলাকায় বিভিন্ন ধরনের ৩০০৩টি পানির উৎস স্থাপন, ১৮টি পাবিলক/কমিউনিটি টয়লেট নির্মাণ, ১০টি পুকুর পুনঃখনন, ১৭৪৪টি স্যানিটারী ল্যাট্রিন স্থাপন, ৪২.১৫ কিঃমিঃ পাইপ লাইন স্থাপন/পূনঃস্থাপন করা হয়েছে, একটি ট্রিটমেন্ট প্লান্ট সম্পন্ন ও ০২টি ট্রিটমেন্ট প্লান্টের কাজ চলমানসহ একটি ওভারহেড ট্যাংক নির্মাণ কাজ চলমান আছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

হবিগঞ্জ জেলার পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার প্রধান চ্যালেঞ্জ হলো এই জেলাটি হাওড় ও পাহাড়ী এলাকায় চা বাগান দ্বারা বেষ্টিত এবং অত্র জেলার অধিকাংশ উপজেলার কিছু এলাকা দূর্গম । হাওড় ও পাহাড়ী এলাকার চা বাগানের শ্রমিকদের মধ্যে শিক্ষার অভাব থাকায় তাহারা স্যানিটেশনের বিষয়ে খুবই অসতর্ক, তাছাড়া বর্তমানে প্রচলিত তিন রিং বিশিষ্ট টয়লেট এখানে টেকসই নয় , হাওরে পানি বৃদ্ধি পেলেই তা ভেঙ্গে পড়ে। এছাড়া বিভিন্ন উপজেলায় আয়রন এর মাত্রাতিরিক্ত উপস্থিতি লক্ষণীয় বিষয়। এ জেলা হাওর বেষ্টিত হওয়ায় এখানে হঠাৎ বন্যাতে (Flash flood) আক্রান্ত হয়। আক্রান্ত জনগণের জন্য জরুরী পানি ও স্যানিটেশন ব্যবস্থা করার লক্ষ্যে প্রশাসনের সাথে নিবিড় যোগাযোগের মাধ্যমে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর তার উপর অর্পিত দায়িত্ব পালনে সচেষ্ট। এখানে বিদ্যমান পানি ও স্যানিটেশন ব্যবস্থা সারা বছর কার্যকারিতা রাখা একটি বড় চ্যালেঞ্জ । শুষ্ক মৌসুমে পানির স্থিতিতল নিচে নেমে যাওয়ায় বেশির ভাগ নলকূপ অকেজো অবস্থায় থাকে।

ভবিষ্যৎ পরিকল্পনা

- নদীর তথা সারফেস ওয়াটার ট্রিটমেন্ট করে পাইপ লাইনের মাধ্যমে সুবিধাভোগীর মাঝে সরবরাহ করা ।
- স্থায়ীকাঠামোর স্বাস্থ্য সম্মত উন্নতমানের হাইজিনিক টয়লেট অধিক হারে স্থাপন করা।
- স্বাস্থ্য সম্মত উন্নতমানের ল্যাট্রিনের কভারেজ বৃদ্ধি করা এবং নিরাপদ সুপেয় পানি সরবরাহের কভারেজ শতভাগে উন্নীত করা।
- চা বাগানের শ্রমিকদের মধ্যে স্বাস্থ্য ও স্যানিটেশনের বিষয়ে সামাজিক সচেতনতা বৃদ্ধি করা এবং নিরাপদ সুপেয় পানি ও স্যানিটেশন শতভাগ উন্নত করা।
- হাওড়ের সুবিধাবঞ্চিত জনগণের জন্য স্বাস্থ্য সম্মত স্যানিটেশন ও সুপেয় পানির ব্যবস্থা করা।

২০২০-২১ অর্থব ছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- পল্লী ও পৌর এলাকায় বিভিন্ন ধরনের পানির উৎস স্থাপন - ২৭৬৩ টি
- ওভারহেড ট্যাঙ্ক নির্মান- ১টি
- পৌর এলাকায় ভূগর্ভস্থ ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট নির্মাণ-০২টি
- পল্লী/পৌর এলাকায় পাবলিক টয়লেট/ কমিউনিটি ল্যাট্রিন স্থাপন- ২৬ টি
- পরীক্ষাগারে পরীক্ষিত পানির নমুনা -২৭৬৩ টি

উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর হবিগঞ্জ জেলার নির্বাহী প্রকৌশলী

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের প্রধান প্রকৌশলী -এর মধ্যে ২০২০ সালের জুলাই মাসের ২৩ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন :

সেকশন ১

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, হবিগঞ্জ জেলার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives), কার্যাবলি (Functions):

১.১ রূপকল্প (Vision): জনগনের জন্য সুপেয় পানি সরবরাহ ও স্বাস্থ্যসম্মত স্যানিটেশনের ব্যবস্থা করা।

১.২ অভিলক্ষ্য (Mission) : সকলের জন্য পানি সরবরাহ ও স্যানিটেশন সুবিধা বাস্তবায়নের জন্য প্রতিষ্ঠানসমূহের এবং কমিউনিটির দক্ষতা বৃদ্ধি করা।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

১.৩.১ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, হবিগঞ্জ জেলার কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. পল্লী ও পৌর এলাকায় নিরাপদ পানি সরবরাহ ব্যবস্থা করা,
২. পল্লী ও পৌর এলাকায় স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন,
৩. পানির গুণগত মান নিশ্চিতকরণ।

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহঃ

১. দাপ্তরিক কমর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ,
২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি,
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন।

১.৪ কার্যাবলি

- পল্লী এলাকায় পানি সরবরাহ ও স্যানিটেশন কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন ;
- পৌর এলাকায় পৌরসভার সহায়তায় পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার অবকাঠামো নির্মাণ, উন্নয়ন, সম্প্রসারণ ও কারিগরি সহায়তা প্রদান
- আর্সেনিক আক্রান্ত ও অন্যান্য সমস্যাসংকুল এলাকায় (হাওর, পাথুরে, পাহাড়ি ইত্যাদি) নতুন লাগসই প্রযুক্তি উদ্ভাবনের মাধ্যমে নিরাপদ পানি সরবরাহের ব্যবস্থা গ্রহণ;
- পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার পরিচালনা ও রক্ষণাবেক্ষণে দক্ষতা উন্নয়নের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ ও পৌরসভা-কে কারিগরি সহায়তা প্রদান;
- আপদ-কালীন (বন্যা, ঘূর্ণিঝড় ইত্যাদি) সময়ে জরুরী ভিত্তিতে পানি সরবরাহ ও স্যানিটেশন সুবিধার ব্যবস্থা করা ;
- স্থানীয় সরকার , বেসরকারি উদ্যোক্তা, বেসরকারি সংস্থা এবং Community Based Organization (CBO) সমূহকে পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা উন্নয়নে কারিগরি পরামর্শ প্রদান, তথ্য সরবরাহ, প্রশিক্ষণ প্রদান;

সেকশন ২
কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)	কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicators)	একক (Unit)	প্রকৃত অর্জন*		লক্ষ্যমাত্রা ২০২০-২১	প্রক্ষেপণ(Projection)		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র [source(s) of data]
			২০১৮-১৯	২০১৯-২০*		২০২১-২২	২০২২-২৩		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
পল্লী অঞ্চলে নিরাপদ পানি সরবরাহের কভারেজ বৃদ্ধি	কভারেজ	শতকরা হার	৮৮	৯০	৯২	৯৩	৯৪	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, হবিগঞ্জ	JMP Report 2014, 2015 এবং ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা (২০১৬-২০২০)
পৌর অঞ্চলে নিরাপদ পানি সরবরাহের কভারেজ বৃদ্ধি	কভারেজ	শতকরা হার	৮১	৮২	৮৫	৮৭	৮৯	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, হবিগঞ্জ	JMP Report 2014, 2015 এবং ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা (২০১৬-২০২০)
পল্লী অঞ্চলে বেসিক স্যানিটেশনের কভারেজ বৃদ্ধি	কভারেজ (ইম্প্রুভড ল্যাট্রিন কভারেজ)	শতকরা হার	৮০(৭১)	৮০.৫০(৭৩)	৮২(৭৮)	৮৫(৮০)	৯০(৮৩)	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, হবিগঞ্জ	JMP Report 2014, 2015 এবং ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা (২০১৬-২০২০)
পৌর অঞ্চলে বেসিক স্যানিটেশনের কভারেজ বৃদ্ধি	কভারেজ (ইম্প্রুভড ল্যাট্রিন কভারেজ)	শতকরা হার	৯০(৭৭)	৯১(৭৮)	৯৩(৮০)	৯৪(৮২)	৯৬(৮৫)	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, হবিগঞ্জ	JMP Report 2014, 2015 এবং ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা (২০১৬-২০২০)